হত্যাচেষ্টা মামলায় গ্রেপ্তার দেখানো হলো মমতাজকে



ছবি: সংগৃহীত

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় আন্দোলনকারীদের ওপর গুলির ঘটনায় করা হত্যাচেষ্টা মামলায় সাবেক সংসদ সদস্য ও সংগীতশিল্পী মমতাজ বেগমকে গ্রেপ্তার দেখিয়েছেন আদালত। একই মামলায় আওয়ামী লীগ নেতা রমজান আলী মাদবরকেও গ্রেপ্তার দেখানো হয়েছে।

সোমবার (১৬ নভেম্বর) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুর রহমান শুনানি শেষে এ আদেশ দেন। কারাগার থেকে ভার্চুয়ালি আদালতে হাজির করা হয় দুজনকে।

শুনানিতে নিজেকে নির্দোষ দাবি করে মমতাজ বলেন, ‘আমি কোনো অন্যায় করিনি। একজন শিল্পী হিসেবে সংসদে প্রতিনিধিত্ব করেছি। শিল্পী পেশা ছাড়া আমার অন্য কোনো পেশা নেই। আমি ন্যায়বিচার চাই।’

রাষ্ট্রপক্ষের আইনজীবী হারুন অর রশিদ মামলার তদন্তের স্বার্থে দুজনকে গ্রেপ্তার দেখানোর আবেদন করেন। তাঁর অভিযোগ, মামলার অন্য আসামিদের সহযোগিতায় মমতাজ ও রমজান আলীও ঘটনায় জড়িত ছিলেন।

মামলার অভিযোগ অনুযায়ী, ২০২৪ সালের ৫ আগস্ট মিরপুর ১০ নম্বর গোলচত্বরের ফলপট্টি এলাকায় আন্দোলনে অংশ নেওয়া ওমর ফারুক শাকিল গুলিবিদ্ধ হন। এতে তাঁর ডান চোখ ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি তৈরি হয়। পরে বিভিন্ন হাসপাতালে তাঁর অস্ত্রোপচার করা হয়।

এ ঘটনায় গত বছরের ২৬ সেপ্টেম্বর মিরপুর মডেল থানায় হত্যাচেষ্টা মামলা হয়। এর আগে গত বছরের ১২ মে ধানমন্ডি থেকে গ্রেপ্তারের পর থেকে কারাগারে রয়েছেন মমতাজ। এবার ওই মামলাতেও তাঁকে গ্রেপ্তার দেখালেন আদালত।